

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৪, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/৩১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-১০৬—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯-এর
ধারা ১৯ এর প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নির্বাচন কমিশন (কার্যপ্রণালী)
বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি ২ অনুসারে নির্বাচন কমিশন সচিবালয়ের বিদ্যমান নির্বাচন
সংক্রান্ত বিভিন্ন আইন, বিধিমালাসমূহ যুগোপযোগী করার লক্ষ্যে নিম্নরূপ “আইন ও বিধিমালা সংস্কার
কমিটি” গঠন করা হলো :

- | | |
|---|--------------|
| (১) জনাব রাশেদা সুলতানা, মাননীয় নির্বাচন কমিশনার | - সভাপতি |
| (২) যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - সদস্য |
| (৩) যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - সদস্য |
| (৪) যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - সদস্য |
| (৫) উপসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - সদস্য |
| (৬) উপসচিব (নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - সদস্য |
| (৭) উপসচিব (নির্বাচন সহায়তা ও সরবরাহ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যে কোনো কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

(৭০৪৩)

মূল্য : টাকা ৪.০০

কমিটির কার্যপরিধি:

- (ক) নির্বাচন কমিশন সচিবালয়ের বিদ্যমান নির্বাচনি আইনসহ সকল আইন ও বিধিমালাসমূহ যাচাই-বাছাইস্বে যুগোপযোগী এবং সংবিধানের সাথে সংগতিপূর্ণ করার বিষয়ে সুপারিশ প্রদান;
- (খ) মাঠ পর্যায়ের নির্বাচন পরিচালনার সাথে সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তাদের মতামত গ্রহণ এবং প্রয়োজনে নির্বাচন কমিশন তাদের সাথে মতবিনিময়;
- (গ) সংবিধানের ১১৮ অনুচ্ছেদ অনুসারে নির্বাচন কমিশন গঠন এবং নির্বাচন কমিশনার নিয়োগ সংক্রান্ত আইন প্রণয়নের সুপারিশ প্রণয়ন;
- (ঘ) নির্বাচন সংশ্লিষ্ট ও অন্যান্য মামলা পরিচালনার জন্য আইনজীবী প্যানেল পুনর্নির্নয়ন ও সময়ে সময়ে মামলাসমূহের বিষয়ে পর্যালোচনা;
- (ঙ) নির্বাচনি প্রচারণা ব্যয় (জন তহবিল) আইন প্রণয়ন;
- (চ) নির্বাচন সংশ্লিষ্ট যে কোনো আইন বিষয়ে পর্যালোচনা ও পরামর্শ প্রদান; এবং
- (ছ) আইন বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ ও কনসালটেন্ট নিয়োগ করতে পারবে।

০২। নির্বাচন সহায়তা ও সরবরাহ অধিশাখা উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

মোহাম্মদ এনামুল হক
উপসচিব (সংস্থাপন)।